# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৪

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ প্রশ্নকারীর প্রশ্নের জবাব তৎক্ষণাৎ না দিয়ে জবাবদান পিছিয়ে দেওয়ার জন্য জিজ্ঞাসিত ব্যক্তিকে অব্যহতি দান মুবাহ (জায়িয) হওয়ার দলীল সংক্রান্ত বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى إِبَاحَةِ إِعْفَاءِ الْمَسْؤُولِ عَنِ الْعِلْمِ عَنْ إِجَابَةِ السَّائِلِ عَلَى الْفَوْرِ

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنَا فُلَيْحٌ عَنْ هِلَالِ بْنِ عَلِيٍّ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ:
بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يحدّث الْقَوْمَ جَاءَهُ أَعْرَابِيٌّ فَقَالَ: مَتَى السَّاعَةُ؟ فَمَضَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يحدّث فَقَالَ بَعْضُ الْقَوْمِ: سَمِعَ مَا قَالَ وَكَرِهَ مَا قَالَ وَقَالَ بَعْضُهُمْ: بَلْ لَمْ يَسْمَعْ حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ قَالَ:
(أَيْنَ السَّائِلُ عَنِ السَّاعَةِ؟ ) قَالَ: هَا أَنَا ذَا قَالَ:
(إِذَا ضُيِّعَتِ الْأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ) قَالَ: فَمَا إِضَاعَتُهَا؟ قَالَ: [ص: 213]
(إذا أُسنِد الأمرُ [إلى غير أهلِه] فانتظرِ الساعة)
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح: خ.

الحديث: 104 ¦ الجزء: 1 ¦ الصفحة: 212

বাংলা

১০৪. আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ একবার রাসূলুল্লাহ্ (সা.) মজলিসে লোকদের সামনে কিছু আলোচনা করছিলেন। এমতাবস্থায় তাঁর কাছে একজন বেদুঈন এসে প্রশ্ন করলেন, 'কিয়ামত কবে হবে?'

তারপরও রাসূলুল্লাহ্ (সা.) তাঁর আলোচনায় রত রইলেন। ফলে লোকদের কেউ কেউ বললেন, লোকটি যা বলেছে তিনি তা শুনেছেন কিন্তু তার কথা অপছন্দ করেছেন। আর কেউ কেউ বললেনঃ বরং তিনি শুনতেই পান নি। রাসূলুল্লাহ্ (সা.) আলোচনা শেষ করে বললেনঃ 'কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়?' সে বলল, 'এই যে আমি, ইয়া রাসূলুল্লাহ্!' তিনি বললেনঃ 'যখন আমানত নষ্ট করা হয় তখন কিয়ামতের প্রতীক্ষা করবে।' সে বলল, 'কিভাবে আমানত নষ্ট করা হয়?' তিনি বললেনঃ 'যখন কোন কাজের দায়িত্ব পালন কঠিন হয়ে যায়, (বুখারীর বর্ণনায় রয়েছেঃ অনুপযুক্ত লোকের প্রতি ন্যস্ত করা হয়), তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করবে।'[1]

## ফুটনোট

[1] আলবানীঃ সহীহ।
আরনাউত্বঃ (মন্তব্য পাওয়া যায়নি-অনুবাদক)।
তাখরীজঃ বুখারী, ৫৯; আহমাদ ৪/৩৬১; বাগাবী, শারহুস সুন্নাহ ৪২৩২; বাইহাকী, সুনান ১০/১১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন